

রেজিস্ট্রারের কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/

তাং

জরুরী বিজ্ঞপ্তি


অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সে লক্ষ্যে ইতোমধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জাতীয় পরিচয় পত্র (NID) নম্বর সংগ্রহের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছিল। যাদের সঠিক তথ্য পাওয়া গেছে তাদের নাম ও রোল নং ওয়েবসাইটে (<https://kuet.ac.bd/covidvacreginfo/>) পাওয়া যাবে। যে সকল শিক্ষার্থীর রোল নং ও NID নাম্বারে ভুল এবং জন্ম নিবন্ধন দিয়ে তথ্য প্রদান করেছিল তাদের নাম উক্ত তালিকায় লিপিবদ্ধ করা হয়নি।

সকল শিক্ষার্থীদের জাতীয় পরিচয় পত্র (NID) নম্বর না পাওয়ায় বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হবার সম্ভাবনা আছে বিধায় যে সকল শিক্ষার্থী ইতঃপূর্বে তথ্য ফরম পূরণ করেনি (বা করলেও কোন কারণে বাদ পড়েছে) তাদের আগামী ১২/০৭/২০২১ইং তারিখের মধ্যে নিম্নলিখিত লিংকে তথ্য প্রদানের জন্য বলা হলো।

যে সকল শিক্ষার্থীর তথ্য পাওয়া যাবে না তাদের ক্ষেত্রে সরকারী নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

- ১। তথ্য প্রদানের জন্য লিংক: <https://forms.gle/HxuYo3SW3iLEXYRCA>
- ২। শিক্ষার্থীকে অবশ্যই ইংরেজীতে (Numeric and Alphabetic উভয় ক্ষেত্রেই) ফরম পূরণ করতে হবে।
- ৩। যে সকল শিক্ষার্থী ইতঃপূর্বে তথ্য ফরম পূরণ করেছে তাদেরকে পুনরায় তথ্য ফরম পূরণের প্রয়োজন নাই।
- ৪। অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত নিজ নিজ ই-মেইল ঠিকানা ব্যবহার করে তথ্য প্রদান করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



০৭/০৭/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ডুগ্রা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ১০/০৩

তারিখঃ ০৭/০৭/২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ৬। সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ।
- ৭। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৮। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সংরক্ষণ নথি।



(মোঃ মনিরুজ্জামান)

সহকারী রেজিস্ট্রার